

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
(কর প্রশাসন-১ শাখা)

www.nbr.gov.bd

স্মারক নম্বর- ০৮.০১.০০০০.০০০.০১৯.৯৯.০০০৪/০৮

তারিখঃ

১৬ ফাল্গুন ১৪৩২

০১ মার্চ ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, অতিরিক্ত সহকারী কর কমিশনার, কর অঞ্চল-ফরিদপুর (তৎকালীন অতিরিক্ত সহকারী কর কমিশনার, সদর দপ্তর (লিগ্যাল), কর অঞ্চল-১৮, ঢাকা), তাঁর অধিক্ষেত্র বহির্ভূত কর অঞ্চল-১৮, ঢাকা এর একটি নথিতে ২০২১-২০২২ করবর্ষের ট্রাইব্যুনাল আদেশ নিষ্পত্তির সময়ে আর্থিক সুবিধার বিনিময়ে বিপুল পরিমাণ রাজস্ব ক্ষতি সংক্রান্ত কাজে সহযোগী ভূমিকা পালন ও সহায়তা করেছেন;

যেহেতু, উক্তব্য কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমাতে "অসদাচারণ" ও ৩(ঘ) বিধিমাতে "দুর্নীতি পরায়ণ" এর পর্যায়ভুক্ত এবং শাস্তিযোগ্য অপরাধ। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমাতে "অসদাচারণ" ও ৩(ঘ) বিধিমাতে "দুর্নীতি পরায়ণ" এর অভিযোগে অভিযুক্ত করে জাতীয় রাজস্ব বোর্ডের ২৮ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের- ০৮.০১.০০০০.০০০.০১৯.৯৯.০০০৪.২৫/০৪ নং স্মারকমূলে তাঁর বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর বিপরীতে ০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখে লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং উক্ত আবেদনের প্রেক্ষিতে ২২/০২/২০২৬ খ্রি. তারিখে আত্মপক্ষ সমর্থনে তাঁর শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমাতে "অসদাচারণ" ও ৩(ঘ) বিধিমাতে "দুর্নীতি পরায়ণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

যেহেতু, তাঁর কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমাতে "অসদাচারণ" ও ৩(ঘ) বিধিমাতে "দুর্নীতি পরায়ণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালা ৪(২)(ঘ) বিধি মোতাবেক তাঁকে 'বেতন গ্রেডের ০৪ (চার) ধাপ অবনমিতকরণ' এর দণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, অতিরিক্ত সহকারী কর কমিশনার (সাময়িক বরখাস্তকৃত), কর অঞ্চল-ফরিদপুর কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি মোতাবেক 'বেতন গ্রেডের ০৪ (চার) ধাপ অবনমিতকরণ' অর্থাৎ মূল বেতন ২৪,৮৭০/- টাকার ০৪ (চার) ধাপ নিয়ে ২০,৪৪০/- টাকা মূল বেতনে অবনমিতকরণের লঘুদণ্ড প্রদান করা হলো। একই সঙ্গে তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ-

মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

স্মারক নম্বর- ০৮.০১.০০০০.০০০.০১৯.৯৯.০০০৪/০৮

তারিখঃ

১৬ ফাল্গুন ১৪৩২

০১ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বোর্ড প্রশাসন/কর নীতি/কর আপীল ও অব্যাহতি/করজরীপ ও পরিদর্শন/লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/কর অডিট/ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন/কর তথ্য ব্যবস্থাপনা সেবা/ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্সসেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএস কর একাডেমী, ঢাকা/আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।
৫. কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরিপ অঞ্চল, বাংলাদেশ, ঢাকা।
৬. কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা/কক্সবাজার/যশোর/কুষ্টিয়া/নোয়াখালী/দিনাজপুর/ফরিদপুর/নরসিংদী।
৭. কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।
৮. কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।
৯. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১১. উপ পরিচালক, বাংলাদেশ ফরমস এবং প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১২. দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১/৩/৫)/হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফরিদপুর।
১৫. জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, অতিরিক্ত সহকারী কর কমিশনার, কর অঞ্চল-ফরিদপুর।

মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।